তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ২৫/২০১৫

অভিযোগকারী ঃ জনাব শেখ রবিউল ইসলাম
পিতা-মরহুম শেখ আব্দুর রব
১৩৬/১, পশ্চিম কাফরুল (৫ম তলা)
আগারগাঁও, ঢাকা।

প্রতিপক্ষ ঃ জনাব এস এম কামাল উদ্দিন হায়দার
সহকারী পরিচালক (কলেজ-২)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ১৮-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব শেখ রবিউল ইসলাম ০৮-১১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব এস এম কামাল উদ্দিন হায়দার, সহকারী পরিচালক (কলেজ-২) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- **শিক্ষা মন্ত্রণালয়- প্রকল্পের ডিপিপি অনুযায়ী মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশনকে "বিয়াম মডেল স্কুল ও কলেজ, ঢাকা"র সভাপতি করে শিক্ষা মন্ত্রণালয় স্মারক (শিম/শা:১১/১০-১ (কমিটি)/২০০৭/৫৫৪; তাং-০৯-০৪-২০০৭ ইং এর বরাতে বিয়াম মডেল স্কুল ও কলেজ, ঢাকার জন্য ১১ সদস্য বিশিষ্ট বিশেষ ধরনের গভর্ণিং বডি গঠন করেন।**
  ২.১) ১৩-০১-২০০৮ ইং তারিখে প্রফেসর খান হাবিবুর রহমান, পরিচালক (প্রশাসন), মাউশি অধিদপ্তর, ঢাকা- "বিয়াম মডেল স্কুল ও কলেজ, ঢাকার" বিশেষ ধরনের গভর্ণিং বডির জরুরী সভায় সদস্য হিসাবে উপস্থিত ছিলেন।
  যেহেতু বিশেষ ধরনের গভর্ণিং বডির অনুমোদন দেন শিক্ষা মন্ত্রণালয়, সে কারনে "বিয়াম মডেল স্কুল ও কলেজ, ঢাকার" জন্য বিশেষ ধরনের গভর্ণিং বডির ১১ সদস্য বিশিষ্ট (শিম/শা:১১/১০-১ (কমিটি)/২০০৭/৫৫৪; তাং-০৯-০৪-২০০৭ ইং এর বরাতে গঠিত) তালিকাতে সদস্য হিসাবে খান হাবিবুর রহমান এর সদস্য পদ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন আছে কিনা? থাকলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকার মাধ্যমে তথ্যটি/প্রমাণ পত্র প্রেরণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৮-১২-২০১৪ তারিখে জনাব মোঃ নজরুল ইসলাম খান, সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৮-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব শেখ রবিউল ইসলাম হাজির। প্রতিপক্ষ জনাব এস এম কামাল উদ্দিন হায়দার, সহকারী পরিচালক (কলেজ-২) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ: পৃ: দ্র:)

০৫। প্রতিপক্ষ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক (কলেজ-২) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করা হয়েছে। খান হাবিবুর রহমান, পরিচালক (প্রশাসন) হিসেবে ১০-১২-২০০৭ হতে ২৩-০২-২০০৯ পর্যন্ত দায়িত্বে ছিলেন। ১৩-০১-২০০৮ তারিখে বিয়াম স্কুল এন্ড কলেজের গভর্ণিং বডির জরুরী সভায় পরিচালক (প্রশাসন) হিসেবে উপস্থিত ছিলেন।

০৬। অভিযোগকারী উল্লেখ করেন যে, মহা-পরিচালক ছাড়া গভর্ণিং বডির সদস্য হতে পারেনা। খান হাবিবুর রহমান, পরিচালক (প্রশাসন) হিসেবে উক্ত সভায় কোন আদেশবলে যোগদান করেছেন সে তথ্য জানতে চান।

০৭। এপ্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উল্লেখ করেন কোন আদেশবলে খান হাবিবুর রহমান, পরিচালক (প্রশাসন) উক্ত সভায় যোগদান করেছিলেন সে সংক্রান্ত কোন তথ্য তাদের নথিতে না থাকায় তা সরবরাহ করতে পারেননি।

০৮। বিয়াম মডেল স্কুল ও কলেজ, ঢাকার বিশেষ ধরনের গভর্ণিং বডির জরুরী সভায় প্রফেসর খান হাবিবুর রহমান, পরিচালক (প্রশাসন) হিসেবে যোগদান করেছিলেন এ বিষয়টি অভিযোগকারীকে জানিয়ে দেয়ার কথা কমিশন উল্লেখ করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তা সরবরাহ করবেন মর্মে নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে আংশিক তথ্য সরবরাহ করেছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ২৯-০৩-২০১৫ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক (কলেজ-২) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)-কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-	**স্বাক্ষরিত/-**	**স্বাক্ষরিত/-**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(মোহাম্মদ ফারুক)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[মিজান]